# সমবায় সমিতির নির্বাচন পদ্ধতি

মোঃ মনিরুজ্জামান তালুকদার

**উপক্রমণিকাঃ-** সমবায় সমিতি একটি পূর্ণ গণতান্ত্রিক আর্থিক প্রতিষ্ঠান। সংবিধানের ১৩(২) অনুচ্ছেদে সমবায়কে পৃথক একটি মালিকানার খাত হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। সমবায় সমিতি আইন, বিধিমালা ও সংশ্লিষ্ট সমিতির উপ-আইন মোতাবেক সমবায় সমিতি পরিচালিত হয়ে থাকে। সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়া এর গণতান্ত্রিক কার্যক্রমে এক নতুন মাত্রা যোগ করেছে। গণতান্ত্রিক পদ্ধতিতে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত ব্যবস্থাপনা কমিটি দ্বারা সমবায় সমিতি পরিচালিত হয়। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি উহার প্রথম অনুষ্ঠিত সভার তারিখ থেকে তিন বছর মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন এবং উক্ত মেয়াদ পূর্তির পূর্বে নিয়মানুযায়ী পরবর্তী ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করবে।

**নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত ও দিন, তারিখ, সময় নির্ধারণঃ-** সমবায় সমিতির নির্বাচন অবশ্যই বার্ষিক সাধারণ সভা অথবা বিশেষ সাধারণ সভার মাধ্যমে সম্পন্ন করতে হবে। নির্বাচন সংক্রান্ত সাধারণ সভা অথবা বিশেষ সাধারণ সভার নোটিশ বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি মেয়াদ উর্ত্তীনের ৬০ দিন পূর্বে জারী করতে হবে। নির্বাচন সংক্রান্ত সাধারণ সভার নোটিশে সভার স্থান, তারিখ, সময় ও অন্যান্য আলোচ্যসূচী ও গৃহিতব্য কার্যক্রমসমূহ উল্লেখ থাকিতে হইবে।

**ভোটার তালিকা প্রণয়নঃ-** সমিতির ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের নোটিশ জারীর পূর্বে সমিতির ভোটদানের উপযুক্ত সদস্য সমন্বয়ে একটি খসড়া ভোটার তালিকা প্রকাশ করবেন এবং নির্বাচনের নোটিশের সাথে তালিকার একপ্রস্থ প্রেরণ করবেন। প্রকাশিত খসড়া ভোটার তালিকা সম্পর্কে কারও কোন আপত্তি থাকলে উক্ত তালিকা প্রকাশের তারিখ থেকে পনের দিনের মধ্যে শুনানী গ্রহণ করে উহাতে প্রয়োজনীয় সংশোধন পূর্বক চুড়ান্ত করতে হবে এবং মনোনয়নপত্র দাখিলের তারিখে নির্বাচন কমিটির নিকট প্রেরণ করতে হবে।

**নির্বাচনী এলাকা নির্ধারণঃ-** সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৫(১)(২)(৩) অনুযায়ী নির্বাচনী এলাকা নির্ধারণ করতে হবে। তবে প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে নির্বাচনী এলাকা নির্ধারণ আবশ্যিক হবেনা।

**নির্বাচন কমিটি নিয়োগঃ-** নির্বাচনকার্য অবাধ ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৬(১)(২)(৩)(৪) বিধি মোতাবেক যে সকল সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা বা তার নিচে সেই সকল সমিতির ব্যবস্থাপনা কমিটি বা ক্ষেত্রমতে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ (চল্লিশ) দিন পূর্বে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিটি গঠন করবে। উক্ত নির্বাচন কমিটিতে একজন সভাপতি ও দুইজন সদস্য থাকিবে। জাতীয়, কেন্দ্রীয় এবং যে সকল প্রাথমিক সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উর্দ্ধে সেই সকল সমিতির ব্যবস্থাপনা কমিটি বা ক্ষেত্রমতে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নির্বাচন কমিটি নিয়োগের জন্য নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪৫ দিন পূর্বে নিবন্ধকের বরাবরে লিখিত প্রস্তাব প্রেরণ করবে। সেক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ দিন পূর্বে নিবন্ধক সরকারী কর্মকর্তা কিংবা তার বিবেচনায় উপযুক্ত বলে বিবেচিত ব্যক্তিদের সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট একটি নির্বাচন কমিটি নিয়োগ করবেন। উক্ত নির্বাচন কমিটিতে একজন সভাপতি ও দুইজন সদস্য থাকবে। নির্বাচন কমিটির কোন পদ শুন্য হলে নির্বাচন কমিটি গঠনের এখতিয়ার সম্পন্ন কর্তৃপক্ষ কর্তৃক অবিলম্বে তা পূরণ করতে হবে। নির্বাচন কমিটির সভাপতিসহ সদস্যগণ নির্বাচন অনুষ্ঠানের দায়িত্ব পালনের জন্য সমিতির তহবিল হইতে উপযুক্ত পরিমাণ সম্মানীভাতা পাবেন।

**নির্বাচন কমিটির কার্যাবলীঃ-** সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি গঠনের ক্ষেত্রে নির্বাচন কমিটির ভূমিকা এবং দায়িত্ব অন্ত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের বিষয়টি নির্ভর করে নির্বাচন কমিটির উপর। গঠিত নির্বাচন কমিটি নির্বাচন অনুষ্ঠানের অন্যুন ৩০(ত্রিশ) দিন পূর্বে নিম্নবর্ণিত বিষয় উল্লেখ পূর্বক নির্বাচনী তফসিল ঘোষণা করবে।

ক) মনোনয়নপত্র প্রাপ্তির স্থান, তারিখ ও সময়;
খ) মনোনয়নপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়;
গ) মনোনয়নপত্র বাছাই করবার এবং বাছাই শেষে বৈধ মনোনয়নপত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের খসড়া তালিকা প্রকাশের স্থান, তারিখ ও সময়;
ঘ) প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কিংবা বাতিলকৃত কোন প্রার্থীর মনোননয়নপত্রের বিষয়ে আপীল আবেদন দাখিলের তারিখ সময় ও স্থান;
ঙ) আপীল আবেদনের শুনানীর সময়কাল, স্থান ও শুনানী শেষে চুড়ান্তভাবে বৈধ প্রার্থ্রীর তালিকা প্রকাশ।

চ) প্রার্থীতা পত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান।
ছ) প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ;
জ) ভোট গ্রহণের স্থান, তারিখ ও সময় এবং
ঝ) নির্বাচন কমিটি কর্তৃক চাহিত এবং প্রার্থী কর্তৃক মনোনয়নপত্রের সঙ্গে দাখিলযোগ্য প্রয়োজনীয় দলিলাদীর বিবরণ এবং মনোনয়নপত্র দাখিলের নিয়মাবলী।

**প্রার্থীর অযোগ্যতা ঃ-** সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্বাচনে প্রার্থীর অযোগ্যতাসমূহ নিম্নরুপ-
ক) প্রার্থী ২১ বৎসর বয়স্ক না হন;
খ) সমিতির এখতিয়ারভুক্ত এলাকার জন্য প্রণীত সাদারণ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হন;
গ) নির্বাচন অনুষ্ঠানের তারিখ পর্যন্ত অব্যাহতভাবে অন্তত ১২ মাস ব্যাপী সমিতির সদস্য হিসেবে বহাল না থাকেন ;
ঘ) কোন ফৌদারী অপরাধের কারণে দোষী সাব্যস্ত হয়ে দুইবছর বা ততোধিক মেয়াদের জন্য কারাদন্ডে দণ্ডিত হয়ে থাকেন এবং কারাভোগের পর পাঁচবছর অতিবাহিত না হয়;
ঙ) কোন সমবায় সমিতি বা কোন ব্যাংক বা কোন আর্থিক প্রতিষ্ঠানের ঋণ, অগ্রিম, গৃহীত পণ্যের মূল্য বা অন্য য়ে কোন পাওনা বা পাওনার কিস্তি পরিশোধের ক্ষেত্রে খেলাপী হিসেবে চিহ্নিত না হন;
চ) ব্যবস্থাপনা কমিটির বা কোন সদস্যের সদস্যের অধীনে বা সমিতির অধীনে বেতনভোগী কর্মচারী হন বা সমিতির আওতাধীন কোন লাভজনক পদে অধিষ্ঠিত হন ;
ছ) সমিতির কোন কাজের জন্য ঠিকাদার হন বা লাভজনকভাবে সমিতিকে কোন সামগ্রী সরবরাহ করেন।
জ) কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনের ক্ষেত্রে নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী তিন বছর যাবৎ অব্যাহতভাবে সংশ্লিষ্ট প্রাথমিক সমিতির সদস্য না থাকেন এবং এই তিন বৎসর অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত না থাকেন।
ঝ) কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনের ক্ষেত্রে কেন্দ্রীয় বা জাতীয় সমিতি অথবা সংশ্লিষ্ট প্রাথমিক সমিতি কর্তৃক খেলাপী হিসেবে চিহ্নিত হন।
ঞ) সংশ্লিষ্ট প্রাথমিক সমিতি কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত না হন।
ট) নির্বাচন কমিটির কোন সদস্যই নির্বাচনে প্রার্থী হইতে পারবে না।
ঠ) কোন সদস্য একইসংগে একাধিকপদে প্রার্থী হতে পারবে না।
ড) কোন ব্যক্তি সমবায় সমিতি, ব্যাংক বা কোন আর্থিক প্রতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহীত বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ, অগ্রিম, গৃহীত পণ্যের মূল্য বা অন্য য়ে কোন পাওনা বা পাওনার কিস্তি পরিশোধের খেলাপী অংশ মনোনয়ন দাখিলের পূর্বে সম্পূর্ণ পরিশোধ না করা পর্যন্ত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হইবেনা।
ঢ) ঋণখেলাপী সদস্য সমিতি খেলাপী ঋণের ৭৫% মনোনয়ন দাখিলের পূর্বে পরিমোধ না করা পর্যন্ত এবং নির্বাচন অনুষ্ঠানের পূর্ববর্তী ২ (দুই) বৎসরের বিধিবদাধ নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসেবে চিহ্নিত বা অবসায়নে ন্যস্ত কিংবা নিবন্ধন বাতিল হইয়াছে এই ধরণের কোন সমিতি কেন্দ্রীয় বা জাতয়ি সমিতির নির্বাচনে অংশগ্রহণ কিংবা অংশগ্রহণের নিমিত্তে প্রতিনিধি মনোনয়ন করিতে পারবে না।
ণ) প্রাথমিক বা কেন্দ্রীয় সমবায় সমিতির প্রতিনিধি হিসেবে কোন ব্যক্তি কেন্দ্রীয় বা জাতীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে একবার প্রার্থী হলে পরবর্তীতে প্রতমোক্ত সমিতির প্রতিধি ব্যতিত অন্যকোন সমিতির প্রতিনিধি হিসেবেউল্লেখিত কেন্দ্রীয় বা জাতীয় বা অন্য কোন কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না।
ত) সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৮(৮) ধারা মতে নির্বাচিত সদস্য হিসাবে একাধিকক্রমে দুইটি মেয়াদ পূর্ণ করিয়াছেন এমন কোন সদস্য উক্ত মেয়াদের অব্যবহিত পরবর্তী একটি মেয়াদের জন্য নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য হইবেন না।

**নির্বাচন কমিটি নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে-**
ক) প্রার্থী বা তার মনোনীত প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত মনোনয়নপত্র জমা নিবেন;
খ) প্রার্থী বা তার মনোনীত প্রতিনিধির প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকতে আগ্রহী হয়) মনোনয়নপত্র বাছাই করবেন;
গ) বাছাই শেষে বৈধ ও বাতিলকৃত প্রার্থীর নামের তালিকা প্রকাশ করবেন এবং
ঘ) প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীদের মধ্যে ফরম-৭ এ বর্ণিত প্রতীক বিতরণ করবেন। একাধিক প্রার্থী একই প্রতীক দাবী করলে সংশ্লিষ্ট প্রার্থীদের সম্মুখে লটারীর মাধ্যমে উহা নিষ্পত্তি করবেন।

**মনোনয়নপত্র বাতিলঃ-** (১) নির্দিষ্ট তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে মনোনয়নপত্র বাছাইকালে নির্বাচন কমিটি নিম্নবর্ণিত ক্ষেত্রে মনোনয়নপত্র বাতিল করতে পারবেন, য়থা ঃ-

ক) আইন, বিধি কিংবা উপ-আইন মোতাবেক প্রার্থীর ব্যবস্থাপনা কমিটির যোগ্যতা না থাকে ;

খ) মনোনয়নপত্রে উল্লেখিত প্রার্থীর নামের সংগে অন্যান্য দলিলাদিতে বর্ণিত নামের অমিল হলে অথবা মনোনয়নপত্র অসম্পূর্ণ, কাটাকাটি কিংবা ঘষামাজা, ফ্লুইড দেয়া থাকলে ; এবং

গ) মিথ্যা কিংবা প্রতারণাপূর্ণ তথ্য পরিবেশন করা হলে অথবা নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক প্রার্থী কর্তৃক মনোনয়নপত্রের সঙ্গে দাখিলযোগ্য প্রয়োজনীয় দলিলপত্র সংযুক্ত না করা হয়ে থাকলে।

**নির্বাচনে আপীল কর্তৃপক্ষঃ-** (১) নির্বাচন কমিটি কর্তৃক কোনপ্রার্থীর মনোনয়নপত্র বৈধ কিংবা বাতিল বিষয়ে কোন প্রশ্ন দেখা দিলে সংক্ষুব্ধ ব্যক্তি বা ব্যক্তিবর্গ প্রাথমিক খসড়া তালিকা প্রকাশের ০২ (দুই) কর্মদিবসের মধ্যে নিবন্ধকের নিকট আপীল করতে পারবেন। নিবন্ধক মহোদয়ের শুনানী গ্রহণপূর্বক আবেদন গ্রহণের তিন কর্মদিবসের মধ্যে তার সিদ্ধান্ত নির্বাচন কমিটিকে অবহিত করবেন। নিবন্ধক নিজেই নির্বাচনের দায়িত্ব পালন করলে নিবন্ধকের পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আপীল করতে হবে।

**নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাঃ-** প্রার্থীতা প্রত্যাহারের পর কোনপদে একজনমাত্র প্রার্থী থাকলে নির্বাচন কমিটি তাকে যথাযথভাবে নির্বাচিত বরে ঘোষণা করবেন। প্রার্থীসংখ্যা একাধিক হলে সেক্ষেত্রে নির্বাচন অনুষ্ঠিত হবে।

**ব্যালট পেপারঃ-** ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের নির্ধারিত তারিখের অন্যুন তিনদিন পূর্বে প্রত্যেক বৈধ প্রার্থীর প্রতীক চিহ্ন সম্বলিত ব্যালট পেপার, ব্যালটবাক্সনির্বাচনী সীল এবং অন্যান্য নির্বাচনী সামগ্রী নির্বাচন কমিটির নিকট সরবরাহ করিবে।

**ভোটদান ও ভোটগ্রহণ পদ্ধতিঃ-** ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্যগণ ব্যবস্থাপনা কমিটির সদস্য নির্বাচনে ভোট প্রদান করবেন। পোলিং অফিসার ভোটারের পরিচয় নিশ্চিত হয়ে প্রয়োজনীয় ব্যারট পেপার সংগ্রহ করবেন। কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনে ভোটদাতা সদস্য যে সমিতির প্রতিনিধিত্ব করবেন সে সমিতি কর্তৃক উক্ত সদস্যকে ক্ষমতাপ্রদান সংক্রান্ত সভার সংক্রান্ত সভার কার্যবিবরণী ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত করে নির্বাচন কমিটির নিকট জমা দিলে নির্বাচন কমিটি তার পরিচয় সম্পর্কে নিশ্চিত হয়ে তাকে ভোটদানের অনুমতি দিবেন। কোন ভোটদাতা শারিরীকভাবে অক্ষম হইলে নির্বাচন কমিটি তাকে সহায়তা দানের জন্য তার মনোনীত ব্যক্তিকে অনুমতি দিবেন এবং উক্ত ভোটদাতা সহায়কের সাহায্যে ভোট প্রদান করবেন।

**প্রার্থীবিহিন পদে নির্বাচনঃ-** ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে কোন পদে কোন বৈধ প্রার্থী না থাকলে নির্বাচন কমিটি উক্ত পদসমূহ শুন্য হিসেবে ঘোষণা করবেন। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি দায়িত্ব গ্রহণের পর উক্তপদে নির্বাচিত হওয়ার যোগ্য সদস্যকে মনোনীত করে শুন্যপদ পূরণ করবেন।

**ভোটগণনা ও ফলাফল ঘোষণাঃ-** ভোটগ্রহণ শেষ হলে নির্বাচন কমিটি ব্যালট পেপার গণনা করে প্রতিপদে সর্বাধিক ভোটপ্রাপ্ত ব্যক্তিকে নির্বাচিত ঘোষণা করবেন। একইসংখ্যক ভোট একাধিক ব্যক্তি প্রাপ্ত হলে লটারীর মাধ্যমে ফলাফল চুড়ান্ত করতে হবে। নির্বাচনী ফলাফল ঘোষণায় নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচন কমিটির সকল সদস্যের স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল নির্বাচন কমিটির সভাপতি সংশ্লিষ্ট সমিতির সভাপতি বা নির্বাহী কর্মকর্তা, বিজয়ী সদস্য এবং নিবন্ধকের দাখিল করবেন।

**নির্বাচন কমিটির কার্যাবলীর রেকর্ড সংরক্ষণঃ-** নির্বাচন কমিটি উহার বিভিন্ন সভার কার্যবিবরণী সদস্যগনের স্বাক্ষরসহ একটি পৃথক রেজিস্টারে সংরক্ষণ করবেন। ভোট গ্রহণ শেষে নির্বাচন সংশ্লিষ্ট সকল দ্রব্যাদি এবং নির্বাচন কমিটির স্বাক্ষরিত নির্বাচনী ফলাফল সীলগালা করে সমিতির সভাপতি কিংবা নির্বাহী কর্মকর্তার নিকট বুঝিয়ে দিবেন।

নমুনাস্বরুপ একটি প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনী তফসিল এবং মনোনয়নপত্রের নমুনা নিম্নে উপস্থাপন করা হলো।

******************************************************************************

## জনতা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ

<u>সাতক্ষীরা সদর, সাতক্ষীরা</u>

ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল/২০১০

এতদ্বারা জনতা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর সকল সদস্যকে জানানো যাচ্ছে যে, অত্র সোসাইটির ব্যবস্থাপনা কমিটির বিগত ০২/১০/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ৩০/১২/২০১০ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সমিতির অফিসগৃহে অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/১০ উপলক্ষ্যে সকাল ১০টা থেকে দুপুর ০২টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহন অনুষ্ঠিত হবে।

উল্লেখিত নির্বাচনে ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন সম্পাদক ও ৩ জন সদস্য নির্বাচিত হবেন। নির্বাচনে অংশগ্রহনে আগ্রহী প্রার্থীগণ ব্যবস্থাপনা কমিটির সভাপতির নিকট থেকে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি এর বিনিময়ে মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন। তাছাড়া নির্বাচন সংক্রান্ত যে কোন তথ্যাদি অফিস চলাকালীন নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে জানা যাবে।

অত্র সমবায় সমিতির নির্বাচন কমিটির ২৬/১১/২০১০ ইং তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মেতাবেক সমবায় সমিতি আইন/ ২০০১ (সংশোধিত আইন/০২) এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী সমিতির নির্বাচন/১০ আগামী ৩০/১২/২০১০ তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরুপভাবে নির্বাচনী তফশীল ঘোষনা করা হলো।

### নির্বাচনী তফশীল

| ক্রঃনং | কর্মসুচী | স্থান | তারিখ ও বার | ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র প্রাপ্তি (নির্ধারিত ফি এর বিনিময়ে) | সমিতির কার্যালয়ে | ০৭-১২-১০ মঙ্গলবার | সকাল ১০টা হতে বিকাল ৩টা পর্যন্ত |
| ০২ | মনোনয়নপত্র দাখিল | সমিতির কার্যালয়ে | ০৯-১২-১০ বৃহস্পতিবার | সকাল ১০টা হতে বিকাল ৩টা পর্যন্ত |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই | সমিতির কার্যালয়ে | ১২-১২-১০ রবিবার | সকাল ১১টা হতে দুপুর ২টা পর্যন্ত |
| ০৪ | বৈধ মনোনয়নপত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের খসড়া তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়ে | ১২-১২-১০ রবিবার | বিকাল ০৩টা হতে বিকাল ৪টা পর্যন্ত |
| ০৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কিংবা বাতিলকৃত কোন প্রার্থীর মনোননয়নপত্রের বিষয়ে আপীল আবেদন (সমবায় সমিতি বিধিমালা, ০৪ এর ২৯(১) বিধি মোতাবেক) | জেলা সমবায় অফিস, সাতক্ষীরা | ১৫-১২-১০ বুধবার ও ১৬-১২-১০ বৃহস্পতিবার | দুই কর্মদিবস অফিস চলাকালীন |
| ০৬ | আপীল আবেদনের উপর শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদান (সমবায় সমিতি বিধিমালা, ০৪ এর ২৯(২) বিধি মোতাবেক) | জেলা সমবায় অফিস, সাতক্ষীরা | ১৯-১২-১০ রবিবার<br>২০-১২-১০ সোমবার<br>২১-১২-১০ মঙ্গলবার | তিন কর্মদিবস অফিস চলাকালীন |
| ০৭ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়ে | ২২-১২-১০ বুধবার | দুপুর ১২টা |
| ০৮ | প্রার্থীপদ প্রত্যাহার | সমিতির কার্যালয়ে | ২৩-১২-১০ বৃহস্পতিবার | সকাল ১০টা হতে সকাল ১১টা পর্যন্ত |
| ০৯ | চুড়ান্ত তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়ে | ২৩-১২-১০ বৃহস্পতিবার | দুপুর ১২টা হতে ০১টা |
| ০৯ | প্রতিদ্বন্দ্বী বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ | সমিতির কার্যালয়ে | ২৩-১২-১০ বৃহস্পতিবার | বিকাল ৩টা হতে ৪টা পর্যন্ত |
| ১০ | ভোট গ্রহন | সমিতির কার্যালয়ে | ৩০-১২-১০ বৃহস্পতিবার | সকাল ১০টা হতে দুপুর ২টা পর্যন্ত |
| ১১ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষনা | সমিতির কার্যালয়ে | ৩০-১২-১০ বৃহস্পতিবার | ভোটগ্রহন শেষে |

| | | |
|---|---|---|
| সদস্য<br>নির্বাচন কমিটি | সদস্য<br>নির্বাচন কমিটি<br>জনতা মাল্টিপারপাস কো-অপারেটিভ | সভাপতি<br>নির্বাচন কমিটি<br>জনতা মাল্টিপারপাস কো-অপারেটিভ |

# নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

০১। নির্বাচন অনুষ্ঠান সম্পূর্ণ রাজনৈতিক প্রভাবমুক্ত থাকবেএবং কোনরকম রাজনেতিক সংংশ্লিষ্টতা থাকবে না ও কোনপ্রকার রাজনৈতিক আলোচনা ও কার্যক্রম পরিচালনা করা যাবে না।

০২। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বীতা করার জন্য প্রার্থীকে অবশ্যই সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত আইন/০২) এর ১৯(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্যতা সম্পন্ন হতে হবে। সমবায় আইন ও বিধি মোতাবেক অযোগ্যপ্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করার ক্ষেত্রে অযোগ্য হিসেবে বিবেচিত হবে এবং নির্বাচন কমিটি কর্তৃক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হবে।

০৩। ভোটার তালিকা ব্যবস্থাপনা কমিটি/নির্বাচন কমিটির নিকট থেকে সংগ্রহ করা যাবে।

০৪। কোন ব্যক্তি সমবায় সমিতি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে ব্যক্তিগত পর্যায়ে গৃহীত বা জামানত প্রদানের মাধ্যমে অন্যকে দেওয়া ঋণ অগীম কিংবা পণ্যের মূল্যবা কোন সেলামী পাওনার খেলাপী অংশ মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্পূর্ণ পরিমোধ না করা পর্যন্ত অত্র সমবায় সমিতির নির্বাচনে অংশগ্রহনের যোগ্য হবেন না।

০৪। অসম্পূর্ণ, ঘষামাজা, ফ্লুইড দেয়া, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন, ২০০১, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ ও সমিতির উপ-আইন মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

০৪। সমবায় সমিতি আইন, ২০০১, সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ পূর্বক নির্বাচন পরিচালনা করা হবে।

০৫। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী সদস্যরা সমিতি হতে কোন ঋণ ও অগ্রীম গ্রহন করে পরিশোধ করেছেন কিনা এই মর্মে সমিতির সভাপতির নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহন পূর্বক মনোনয়নপত্রের সহিত সংযুক্ত করতে হবে।

০৮। প্রার্থীর মনোনয়নপত্রের সহিত তাদের প্রার্থীত পদের পাশে নিম্নরুপ প্রতীক সমুহের মধ্য থেকে যে কোন একটি অগ্রাধিকার ভিত্তিতে উল্লেখ করতে হবে।

| | |
|---|---|
| সভাপতি- | চেয়ার, মই, ছাতা। |
| সহ-সভাপতি- | তরবারী, কুড়াল, হরিণ। |
| সম্পাদক- | মাছ, রিক্সা, হ্যারিকেন। |
| সদস্য- | তালাচাবি, বই, আম, মোরগ, মোমবাতি, বল, দোয়াতকলম, কলস ও ঘড়ি। |
| | (প্রয়োজনে আরও প্রতীক বাড়ানো হবে) |

*************************************************************************

# মনোনয়ন পত্র

(বিধি ৫৬(ক) দ্রষ্টব্য)

## সাতক্ষীরা জেলা মাইক্রোবাস, মিনিট্রাক ও পিকআপ চালক সমবায় সমিতি লিঃ

সমিতির সভাপতি কর্তৃক সত্যায়িত ও জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রার্থীর এককপি ছবি সংযোজন করিতে হইবে।

০১। (ক) প্রার্থীর নাম-.........................................................

(খ) পিতা/স্বামীর নাম-...................................................

(গ) মাতার নাম-.........................................................

(ঘ) ঠিকানা- গ্রাম-......................পোঃ-.....................

উপজেলা- সাতক্ষীরা সদর, জেলা- সাতক্ষীরা

(ঙ) প্রার্থীর জন্ম তারিখ-

০২। প্রার্থীত পদের নাম-

০৩। (ক) প্রার্থী যেই প্রাথমিক সমিতির সদস্য- সাতক্ষীরা জেলা মাইক্রোবাস, মিনিট্রাক ও পিকআপ চালক সমবায় সমিতি লিঃ

(খ) প্রাথমিক সমিতির সদস্য হিসাবে ভর্তির তারিখ-

(গ) সমিতির সদস্য রেজিষ্টার অনুযায়ী প্রার্থীর সদস্য ক্রমিক সংখ্যা- ঃ

০৪। (কেন্দ্রীয় বা জাতীয় সমিতির নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য)

ক) প্রার্থী যে সমিতির প্রতিনিধি হিসেবে মনোনয়ন দাখিল করেছেন তার নাম, ঠিকান ও নিবন্ধন নং ঃ

খ) প্রতিনিধিত্বকারী সমিতি কর্তৃক কেন্দ্রীয় বা জাতীয় সমিতির সদস্য-ভুক্তির তারিখ ও সদস্যবহি মোতাবেক সদস্যসংখ্যা ঃ

গ) ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণীর ও পরিচয়পত্রের অনুলিপি (জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক সত্যায়িত) ঃ

০৫। প্রার্থী কর্তৃক প্রত্যাশিত নির্বাচনী প্রতীক-

আমি এই মর্মে ঘোষনা করিতেছি যে, আমি সাতক্ষীরা জেলা মাইক্রোবাস, মিনিট্রাক ও পিকআপ চালক সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সদস্যপদে নির্বাচিত হইবার অযোগ্য নহি এবং আমি উক্ত সমিতির সদস্য। আমি আরও ঘোষণা করিতেছি যে,আমি পূর্ববর্তী তিন বৎসর যাবত উপরোক্ত সমিতির সদস্য এবং গত তিন বৎসরের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলাম।

উপরে বর্ণিত তথ্যাদি নির্ভুল ও সঠিক। মিথ্যা তথ্য প্রদানের কারণে আমার মনোনয়ন পত্র বাতিলের বিষয়ে আমার কোন আপত্তি নাই।

নাম<br>
প্রার্থীর স্বাক্ষর<br>
তারিখ

মনোনয়নপত্রে প্রার্থী প্রদত্ত তথ্যাদী যাচইপূর্বক সঠিক মর্মে প্রার্থীর নাম ও স্বাক্ষরসহ সত্যায়ন করা হইল।

সভাপতি<br>
সাতক্ষীরা জেলা মাইক্রোবাস, মিনিট্রাক ও<br>
পিকআপ চালক সমবায় সমিতি লিঃ<br>
স্বাক্ষর ও সীল<br>
তারিখ

যথাযথভাবে পরীক্ষাপূর্বক প্রতিস্বাক্ষর করা হইল।

উপজেলা সমবায় অফিসার,<br>
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা